# সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৪৮০

১৬/ শিকার (كتاب الصيد والذبائح عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ ১২. জীবিত পশুর শরীরের কোন অংশ কেটে আলাদা হয়ে গেলে তা মৃত (এবং খাওয়া হারাম)

باب مَا قُطِعَ مِنَ الْحَىِّ فَهُوَ مَيِّتٌ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الأَعْلَى الصَّنْعَانِيُّ، حَدَّثَنَا سَلَمَةُ بْنُ رَجَاءٍ، قَالَ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ دِينَارٍ، عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ، عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ، عَنْ أَبِي وَاقِدٍ اللَّيْثِيِّ، قَالَ قَدِمَ النَّبِيُّ صلى الله عليه وسلم الْمَدِينَةَ وَهُمْ يَجُبُّونَ أَسْنِمَةَ الإِبِلِ وَيَقْطَعُونَ أَلْيَاتِ الْغَنَمِ قَالَ " مَا قُطِعَ مِنَ الْبَهِيمَةِ وَهِيَ حَيَّةٌ فَهُوَ مَيْتَةٌ " .
حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ يَعْقُوبَ الْجُوزَجَانِيُّ، حَدَّثَنَا أَبُو النَّضْرِ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ دِينَارٍ، نَحْوَهُ . قَالَ أَبُو عِيسَى وَهَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَدِيثِ زَيْدِ بْنِ أَسْلَمَ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَهْلِ الْعِلْمِ . وَأَبُو وَاقِدٍ اللَّيْثِيُّ اسْمُهُ الْحَارِثُ بْنُ عَوْفٍ .

বাংলা

১৪৮০। আবূ ওয়াকিদ আল-লাইসী (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মদীনায় আসলেন। এখানকার জনগণ জীবিত উটের কুঁজ ও মেষের লেজের গোড়ার মাংস পিন্ডের অংশ কেটে খেত। তিনি বলেন, জীবিত পশুর শরীরের কোন অংশ কেটে আলাদা করা হলে তা মৃত হিসেবেই গণ্য।

সহীহ, ইবনু মা-জাহ (৩২১৬)

পূর্বে বর্ণিত হাদীসের অনুরূপ ইবরাহীম ইবনু ইয়াকুব আল-জাওযাজানী-আবূন নাযর হতে, তিনি আবদুর রাহমান ইবনু আবদুল্লাহ ইবনু দীনার (রহঃ)-এর সূত্রে বর্ণনা করেছেন। এ হাদীসটিকে আবূ ঈসা হাসান গারীব বলেছেন। আমরা এ হাদীসটি শুধু যাইদ ইবনু আসলামের সূত্রেই জেনেছি। এ হাদীস মোতাবিক আলিমগণ আমল করেছেন (অর্থাৎ পশুর শরীরের কাটা অংশ খাওয়া মৃত প্রাণীর ন্যায় অবৈধ)। আবূ ওয়াকিদ আল-লাইসীর নাম আল-হারিস, পিতা আওফ।

## English

Narrated Abu Waqid Al-Laithi:
"The Prophet (ﷺ) came to Al-Madinah and they were in the habit of cutting the humps off of the camels and cutting the buttocks from the sheep. He said: 'Whatever is cut from an animal while it is alive, then it is dead flesh.'"

Another chain with similar meaning.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী  বর্ণনাকারীঃ আবূ ওয়াকিদ আল-লায়সী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=40291

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন